

2017

M. Phil.

2nd Semester Examination

BENGALI

Paper — VIII

Full Marks : 50

Time : 2 Hours

The figures in the right-hand margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

Illustrate the answers wherever necessary.

বিভাগ—‘ক’

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :

৩×১৫

- ১। ‘সৌন্দর্যতত্ত্ব’ প্রবন্ধের মূল বিষয় কী? এ. বিষয়ে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী তাঁর অভিমত ব্যক্ত করতে গিয়ে যে-সব প্রাচ্য-পাশ্চাত্যের সাহিত্য এবং বিজ্ঞান - বিদ্যার আশ্রয় গ্রহণ করেছেন সে - সব তাঁর অভিমতকে প্রতিষ্ঠাদানের ক্ষেত্রে কতখানি সহায়ক হয়েছে —আলোচনা করুন।
- ২। ‘উত্তাপের অপচয়’ প্রবন্ধে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ভবিষ্যৎ বিশ্বের যে সমস্যাকে তুলে ধরেছেন তা তাঁর বিশ্লেষণগুণে কতখানি সুপরিষ্কৃত হয়েছে আলোচনা করুন।

(Turn Over)

- ৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং মঙ্গলুর বাংলার কৃষকজীবনে যে আর্থ-সামাজিক সংকট সৃষ্টি করেছিল তার প্রভাব রহিম-ফুলজান-এর পারিবারিক জীবনকে কতটা বিপর্যস্ত করে তুলেছিল তা 'ছেঁড়াতার' নাটকটি অবলম্বনে আলোচনা করুন।
- ৪। "ছেঁড়াতার' নাটকটি নবনাট্য আন্দোলনের সার্থক রূপায়ণ"—মন্তব্যটি বিচার করুন।
- ৫। 'সুখ না দুঃখ' প্রবন্ধের আলোকে রামেন্দ্রসুন্দরের দর্শনভাবনার পরিচয় দিন।

বিভাগ—'খ'

- ১। প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন (যে কোনো একটি) : ৫
- (ক) মনুষ্য মাত্রের-ই জীবনকালে এমন একটি মুহূর্ত আইসে, যখন সে সুদূর বনপ্রদেশ হইতে সায়ংকালীন বংশীধ্বনি কনাগত করিয়া চন্দ্রাপীড়ের ঘোড়ার মত নিয়তি বশে কোনরূপ আচ্ছাদ সরোবরের সলিলতলে সমাধি লাভ করে।
- (খ) 'নীরব বনস্থলীতে জ্যেৎস্নাস্নাত শিলাতলে মহাশ্বেতার পার্শ্বে উপবিষ্ট হইয়া অতীতের কাহিনী শুনিতে শুনিতে চন্দ্রকরাহত হইয়া মরিতে যাহার অভিলাষ না জন্মে, সে ব্যক্তি নিতান্ত হতভাগ্য।
- (গ) বিশল্যকরণীর একটা শিকড়ের জন্য আমরা প্রকাশ গন্ধমাদনকে স্কন্ধে করিয়া সমুদ্র লঙ্ঘনের আয়োজন করি।